

নং-স্বাপকম/শুংখলা-১/১-৩৪/২০০৪/ ৪২৭

তারিখ : ০৫.০১.১৪১৮  
২০.০৪.২০১১

### আদেশ

যেহেতু ডাঃ মোঃ জুলফিকার হায়দার (কোড নং-৪১১৭৬), প্রাক্তন সহকারী রেজিষ্ট্রার (কার্ডিয়াক সার্জারী), জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলানগর, ঢাকা ১২.১০.২০০৩ থেকে কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকায় তাঁর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (বি) ও (সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'র দায়ে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়:

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়:

যেহেতু তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন:

যেহেতু বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে ডাঃ মোঃ জুলফিকার হায়দার (কোড নং-৪১১৭৬)-কে সরকারী চাকুরী হতে কেন বরখাস্ত করা হবে না মর্মে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়:

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি:

যেহেতু তাঁকে সরকারী চাকুরী হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের মতামত চাওয়া হয়:


যেহেতু, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন (পিএসসি) মন্ত্রণালয়ের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে:

যেহেতু উক্ত কর্মকর্তাকে সরকারী চাকুরী হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রষ্ট্রেপতি সদর অনুমোদন করেছেন:

এক্ষণে সেহেতু সরকারী কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪ (৩) (ডি) বিধি মোতাবেক ডাঃ মোঃ জুলফিকার হায়দার (কোড নং-৪১১৭৬), প্রাক্তন সহকারী রেজিষ্ট্রার (কার্ডিয়াক সার্জারী), জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলানগর, ঢাকা-কে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ১২.১০.২০০৩ থেকে সরকারী চাকুরী হতে বরখাস্ত করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

রষ্ট্রেপতির আদেশক্রমে

  
(মুহম্মদ হুমায়ূন কবির)  
সচিব


উপ-নিয়ন্ত্রক  
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস  
তেজগাঁও, ঢাকা

নং-স্বাপকম/শুংখলা-১/১-৩৪/২০০৪/ ৪২৭/১ (২)

তারিখ : ০৫.০১.১৪১৮  
২০.০৪.২০১১

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, তেজগাঁও, ঢাকা
- ২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (আদেশটি সংশ্লিষ্ট কর্মকর্তার স্মারী ও বর্তমান ঠিকানায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
- ৩। পরিচালক, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলানগর, ঢাকা
- ৪। উপ-সচিব (পার), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৫। পরিচালক, MIS, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা (বিষয়টি কম্পিউটারে সংরক্ষণ করে রাখার জন্য অনুরোধ করা হলো)
- ৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
- ৭। প্রোগ্রামার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
- ৮। উপ-পরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৯। ডাঃ মোঃ জুলফিকার হায়দার (কোড নং-৪১১৭৬), সহকারী রেজিষ্ট্রার (কার্ডিয়াক সার্জারী), জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলানগর, ঢাকা

  
(মোঃ সাইদুর রহমান)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন : ৭১৭২২৫২

sasdisc1@mohfw.gov.bd